## ইণ্ডিয়া ফাউণ্ডেশন ফর দি আর্টস-এর অনুদান/বৃত্তিমূলক কার্যক্রম

## স্বার্থের দ্বন্দ্য নিরসন বিষয়ক নির্দেশিকা

যেহেতু ইণ্ডিয়া ফাউণ্ডেশন ফর দি আর্টস (আই-এফ-এ)-র সঙ্গে যুক্ত বিভিন্ন প্রাক্তন এবং বর্তমান দাতা (donor), ন্যাসরক্ষক (trustee) এবং কর্মচারীগণ (employees) স্ব-স্ব শৈল্পিক ক্ষেত্রে স্বনামধন্য, সেহেতু আই-এফ-এ বর্তমান স্বার্থের দ্বন্দ্য নিরসন বিষয়ক নির্দেশিকা জারি করার প্রয়োজন বোধ করছে যার মাধ্যমে এই সংস্থার অনুদান/বৃত্তিমূলক কার্যক্রমের নিরিখে সম্ভাব্য স্বার্থের দ্বন্দ্য নিরসন সহজ হয়। এই নির্দেশিকা নিম্ন তলিকাভুক্ত সকল প্রকার ব্যক্তির জন্য প্রযোজ্য হবে।

### ১) কর্মচারী (employees) দের জন্য প্রযোজ্য নিয়মাবলী

১.১) আই-এফ-এ-তে কর্মরত অবস্থায়

ক। আই-এফ-এ-র কোনো কর্মচারী এই সংস্থায় কর্মরত থাকাকালীন কোনোপ্রকার বৃত্তি/অনুদানের জন্য সংস্থায় আবেদন করতে পারবেন না।

খ। আই-এফ-এ-র কোনো কর্মচারী এই সংস্থায় কর্মরত থাকাকালীন তাঁর “নিকটতম পরিবার” (অর্থাৎ তাঁর অভিভাবক, সন্তান এবং তাঁর সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ কোনো ব্যক্তি)-এর সদস্যবৃন্দ কোনোপ্রকার বৃত্তি/অনুদানের জন্য সংস্থায় আবেদন করতে পারবেন না।

গ) আই-এফ-এ তে কর্মরত কোনো ব্যক্তি যদি এই সংস্থা ব্যতিরেকে অপর কোনো এক বা একাধিক সংস্থার বোর্ড/পর্ষদ এর সদস্য হিসেবে অথবা অন্য কোনো পদাধিকারীর ভূমিকায় কার্যনির্বাহী সিদ্ধান্তগ্রহণ-মূলক অংশগ্রহণ করে থাকেন তাহলে উক্ত কর্মচারী আই-এফ-এ-তে যতদিন কর্মরত রয়েছেন ততদিন সেই ধরণের অপরাপর এক বা একাধিক সংস্থা আই-এফ-এ সমীপে অনুদান/বৃত্তি-গ্রহণের আবেদন আনয়ন থেকে বিরত থাকবে।

১.২) আই-এফ-এ-তে কাজের মেয়াদ শেষ হওয়ার অথবা সংস্থার সাথে কর্মচারীর কর্মচুক্তি সমাপন/বিরত হয়ে যাওয়ার পরে -

ক) আই-এফ-এ-র কোনো কর্মচারী তাঁর কাজের মেয়াদ শেষ হওয়ার অথবা সংস্থার সাথে কর্মচারীর কর্মচুক্তি সমাপন/বিরত হওয়ার দুই (২) বৎসরকাল অবধি কোনোপ্রকার বৃত্তি/অনুদানের জন্য সংস্থায় আবেদন করতে পারবেন না।

খ) আই-এফ-এ-র কোনো কর্মচারী তাঁর কাজের মেয়াদ শেষ হওয়ার অথবা সংস্থার সাথে কর্মচারীর কর্মচুক্তি সমাপন/বিরত হওয়ার দুই (২) বৎসরকাল অবধি তাঁর "নিকটতম পরিবার" (অর্থাৎ তাঁর অভিভাবক, সন্তান এবং তাঁর সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ কোনো ব্যক্তি)-এর সদস্যবৃন্দ কোনোপ্রকার বৃত্তি/অনুদানের জন্য সংস্থায় আবেদন করতে পারবেন না।

গ। আই-এফ-এ তে কর্মরত কোনো ব্যক্তি যদি এই সংস্থা ব্যতিরেকে অপর কোনো এক বা একাধিক সংস্থার বোর্ড/পর্ষদ এর সদস্য হিসেবে অথবা অন্য কোনো পদাধিকারীর ভূমিকায় কার্যনির্বাহী সিদ্ধান্তগ্রহণ-মূলক অংশগ্রহণ করে থাকেন তাহলে উক্ত কর্মচারী এবং আই-এফ-এ-র মধ্যে কর্মচুক্তি সমাপন/বিরত হওয়ার এক (১) বৎসরকাল অবধি সেই এক অথবা একাধিক সংস্থা আই-এফ-এ সমীপে অনুদান/বৃত্তি-গ্রহণের আবেদন আনয়ন থেকে বিরত থাকবে।

## ২) ন্যাসরক্ষক (trustee)-দের জন্য প্রযোজ্য নিয়মাবলী

<u>২.১) ন্যাসরক্ষক (trustee) হিসেবে মেয়াদ থাকাকালীন</u> -

ক। ন্যাসরক্ষক (trustee)-গণ আই-এফ-এ পর্ষদ (Board)-এর সদস্য থাকাকালীন কোনোপ্রকার বৃত্তি/অনুদানের জন্য সংস্থায় আবেদন করতে পারবেন না।

খ। আই-এফ-এ-র কোনো ন্যাসরক্ষক (trustee) এই সংস্থায় পর্ষদ (Board)-এর সদস্য থাকাকালীন তাঁর "নিকটতম পরিবার" (অর্থাৎ তাঁর অভিভাবক, সন্তান এবং তাঁর সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ কোনো ব্যক্তি)-এর সদস্যবৃন্দ কোনোপ্রকার বৃত্তি/অনুদানের জন্য সংস্থায় আবেদন করতে পারবেন না।

গ। আই-এফ-এ-র কোনো ন্যাসরক্ষক (trustee) যদি এই সংস্থা ব্যতিরেকে অপর কোনো এক বা একাধিক সংস্থার বোর্ড/পর্ষদ এর সদস্য হিসেবে অথবা অন্য কোনো পদাধিকারীর ভূমিকায় কার্যনির্বাহী সিদ্ধান্তগ্রহণ-মূলক অংশগ্রহণ করে থাকেন তাহলে উক্ত ন্যাসরক্ষক (trustee) এই সংস্থায় পর্ষদ (Board)-এর সদস্য থাকালীন সেই ধরণের অপরাপর এক বা একাধিক সংস্থা আই-এফ-এ সমীপে অনুদান/বৃত্তি-গ্রহণের আবেদন আনয়ন থেকে বিরত থাকবে।

২.২) আই-এফ-এ-র সঙ্গে ন্যাসরক্ষক (trustee) হিসেবে মেয়াদ অব্যহতির পর

ক। আই-এফ-এ-র কোনো ন্যাসরক্ষক (trustee) তাঁর ন্যাসরক্ষক (trustee) হিসেবে মেয়াদ অব্যহতির তিন (৩) বৎসরকাল অবধি কোনোপ্রকার বৃত্তি/অনুদানের জন্য সংস্থায় আবেদন করতে পারবেন না।

খ। আই-এফ-এ-র কোনো ন্যাসরক্ষক (trustee) তাঁর ন্যাসরক্ষক (trustee) হিসেবে মেয়াদ অব্যহতির তিন (৩) বৎসরকাল অবধি তাঁর "নিকটতম পরিবার" (অর্থাৎ তাঁর অভিভাবক, সন্তান এবং তাঁর সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ কোনো ব্যক্তি)-এর সদস্যবৃন্দ কোনোপ্রকার বৃত্তি/অনুদানের জন্য সংস্থায় আবেদন করতে পারবেন না।

গ। আই-এফ-এ-র কোনো ন্যাসরক্ষক (trustee) যদি এই সংস্থায় ন্যাসরক্ষক (trustee) থাকাকালীন আই-এফ-এ ব্যতিরেকে অপর কোনো এক বা একাধিক সংস্থার বোর্ড/পর্ষদ এর সদস্য হিসেবে অথবা অন্য কোনো পদাধিকারীর ভূমিকায় কার্যনির্বাহী সিদ্ধান্তগ্রহণ-মূলক অংশগ্রহণ করে থাকেন তাহলে উক্ত ন্যাসরক্ষক (trustee) আই-এফ-এর পর্ষদ (Board)-এর সদস্য হিসেবে তাঁর মেয়াদ অব্যহতির পর এক (১) বৎসরকাল অবধি সেই এক বা একাধিক সংস্থা আই-এফ-এ সমীপে অনুদান/বৃত্তি-গ্রহণের আবেদন আনয়ন থেকে বিরত থাকবে।

## ৩। দাতা (Donors)

**"ফ্রেণ্ডস অফ আই-এফ এ"** ("Friends of IFA") অর্থে সেই সকল দাতা যাঁরা সাধারণ অনুদান, কার্যক্রম-বিশেষ অনুদান অথবা আই-এফ-এ সংস্থার প্রতি অনুদান হিসেবে সর্বমোট অনধিক ৫০,০০০ টাকা ভারতীয় মুদ্রায় (INR 50,000/-) অবধি অনুদান জ্ঞাপন করেছেন।

**"ফ্রেণ্ডস ফর লাইফ"** ("Friends for Life") হলেন সেই সকল দাতা যাঁরা সাধারণ অনুদান, কার্যক্রম-বিশেষ অনুদান অথবা আই-এফ-এ সংস্থার প্রতি অনুদান হিসেবে সর্বমোট অন্যূন ৫০,০০০ টাকা ভারতীয় মুদ্রায় (INR 50,000/-) এবং অনধিক ১ লক্ষ টাকা ভারতীয় মুদ্রায় (INR 1,00,000/-) অবধি অনুদান জ্ঞাপন করেছেন।

**"পৃষ্ঠপোষক দাতা"** ("Donor Patrons") হলেন সেই সকল দাতা যাঁরা সাধারণ অনুদান, কার্যক্রম-বিশেষ অনুদান অথবা আই-এফ-এ সংস্থার প্রতি অনুদান হিসেবে সর্বমোট ১ লক্ষ টাকা ভারতীয় মুদ্রায় (INR 1,00,000/-)-এর অধিক অনুদান জ্ঞাপন করেছেন।

**"প্রাতিষ্ঠানিক দাতা"** ("Institutional Donors") হলো সেই সকল কর্পোরেট তথা নিগমবদ্ধ অথবা কর্পোরেট সংস্থা, ট্রাস্ট, সোসাইটি, অংশীদারিত্ব সংস্থা প্রভৃতি যেগুলির তরফ থেকে থেকে সাধারণ অনুদান, কার্যক্রম-বিশেষ অনুদান অথবা আই-এফ-এ সংস্থার প্রতি অনুদান জ্ঞাপন করা হয়েছে।

ক। যাঁরা "ফ্রেণ্ডস অফ আই-এফ এ" "Friends of IFA" তাঁরা তাঁদের অনুদান সময়কালের এক (১) বৎসর অব্যহত হলে আই-এফ-এ সংস্থায় বৃত্তি/অনুদানের জন্য আবেদন রাখতে পারবেন।

খ। যাঁরা "ফ্রেণ্ডস ফর লাইফ" ("Friends for Life") তাঁরা তাঁদের অনুদান সময়কালের তিন (৩) বৎসর অব্যহত হলে আই-এফ-এ সংস্থায় বৃত্তি/অনুদানের জন্য আবেদন রাখতে পারবেন।

গ। যাঁরা "পৃষ্ঠপোষক দাতা" ("Donor Patrons") তাঁরা তাঁদের অনুদান সময়কালের পাঁচ (৫) বৎসর অব্যহত হলে আই-এফ-এ সংস্থায় বৃত্তি/অনুদানের জন্য আবেদন রাখতে পারবেন।

ঘ। "প্রাতিষ্ঠানিক দাতা" (Institutional Donors) যে যাবৎকাল আই-এফ-এ-র প্রতি তাদের অনুদান অব্যহত রাখছে সে যাবৎকাল আই-এফ-এ-র সংস্থায় বৃত্তি/অনুদানের জন্য আবেদন রাখতে পারবেন না। উক্ত অনুদান সময়কাল অন্ত হলে আই-এফ-এ সংস্থার তরফ থেকে সেই প্রাতিষ্ঠানিক অনুদান কী ভাবে ব্যবহৃত হয়েছে সে বিষয়ে আর্থিক বিবরণী ( "financial report") উক্ত প্রাতিষ্ঠানিক দাতার সমীপে পেশ করবে। উক্ত বিবরণী যে তারিখে পেশ অবে সেই তারিখের এক (১) বৎসরকাল অতিক্রান্ত হলে উক্ত প্রাতিষ্ঠানিক দাতা অনুদানের জন্য আই-এফ-এ সংস্থায় আবেদন জ্ঞাপন করতে সক্ষম হবে। এতদ্বারা সবিশেষরূপে স্পষ্টীকৃত হ'ল যে প্রাতিষ্ঠানিক অনুদান অনুসারে নির্দিষ্ট প্রকল্প/ প্রতিদানমূলক বাদ্ধবাধকতা ("funding obligation") সম্পূর্ণরূপে সম্পন্ন হওয়ার পরেই আই-এফ-এফ উক্ত প্রাতিষ্ঠানিক দাতার সমীপে উপরোক্ত আর্থিক বিবরণী জ্ঞাপন করবে।

ঙ। প্রাতিষ্ঠানিক দাতা সংস্থার সাথে কর্মরত অথবা উক্ত সংস্থার সিদ্ধান্তগ্রহণমূলক ভূমিকা পালনে নিয়োজিত কোন ব্যক্তি অনুদানকালের ও তদসম্বন্ধিত সকলপ্রকার কর্মকাণ্ড সমাপনান্তে আই -এফ-এ কর্তৃক সেই প্রাতিষ্ঠানিক দাতা সংস্থার সমীপে উপরোক্ত আর্থিক বিবরণী পেশ হওয়ার এক (১) বৎসরকাল অতিক্রান্ত হলে অথবা সেই প্রাতিষ্ঠানিক দাতা সংস্থার সাথে সেই ব্যক্তির কার্যকাল অবসান হওয়ার এক (১) বৎসরকাল অতিক্রান্ত হলে সেই ব্যক্তি বৃত্তি/অনুদানের জন্য আই-এফ-এ সংস্থায় আবেদন জ্ঞাপন করতে সক্ষম হবে।